

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ব্যবস্থাপনা পদ্ধতি
ব্যবহার বিধি

মন্ত্রিপরিষদ বিভাগ,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সূচিপত্র

১. ভূমিকা	1
২. সাধারণ নির্দেশনা.....	1
৩. ট্যাবসমূহ.....	3
৪. ড্যাশবোর্ড এর বৈশিষ্ট্য.....	4
৫. এপিএ ব্যবস্থাপনা	4
৫.১ অর্থবছর (তৈরি এবং নির্ধারণ)	4
৫.২ আবশ্যিক মান নির্ধারণ	7
৫.৩ কাঠামো ব্যবস্থাপনা/টেমপ্লেট	9
এপিএ কাঠামোর শিরোনাম.....	10
সার্বিক চিত্র	11
প্রস্তাবনা.....	13
সেকশন/সংযোজনী যোগ করুন	14
স্বাক্ষর	38
৫.৪ এপিএ অ্যাসাইন.....	40
৫.৫ এপিএ সংশোধন প্রতিবেদন.....	51
৬. আওতাধীন অফিস ব্যবস্থাপনা	52
৬.১ সংস্থা.....	53
৬.২ ব্যবহারকারী	55
৬.৩ হালনাগাদ	57
৬.৪ সকল প্রকার প্রতিবেদন.....	58
৬.৫ দাখিলের সময় নির্ধারণ	59
৬.৬ দাখিলের প্রতিবেদন.....	60
৬.৭ সম্পাদনার অনুরোধসমূহ	61

৬.৮ বার্ষিক অর্জন.....	62
৬.৯ মূল্যায়ন.....	63
৬.১০ এপিএ সংশোধনের সময় নির্ধারণ.....	66
৭. অগ্রগতি দাখিল প্রতিবেদন.....	67
৭.১ অগ্রগতি->দাখিলের প্রতিবেদন.....	67
৭.২ অগ্রগতি->দাখিলের সময় নির্ধারণ.....	68
৭.৩ অগ্রগতি->সম্পাদনা সমূহ.....	69
৮. কনফিগারেশন.....	70
৮.১ ভূমিকা.....	71
৮.১.১ মেইন মেন্যু সমূহ.....	71
৮.১.২ সাব-মেন্যু সমূহ.....	72
৮.১.৩ সাব,সাব-মেন্যু সমূহ.....	73
৮.১.৪ ভূমিকা ও পারমিশন.....	74
৮.১.৫ জব প্রোফাইল.....	75
৮.১.৬ ব্যবহারকারী প্রোফাইল.....	76
৮.২ এফএকিউ.....	77
৮.৩ দপ্তর/সংস্থার ধরন.....	78
৮.৪ মাস্টার ডাটা.....	79
৮.৪.১ দাপ্তরিক স্তর.....	79
৮.৪.২ পদবি.....	79
৮.৪.৩ নোটিশের ধরন.....	81
৮.৪.৪ নির্দেশিকা.....	82
৮.৪.৫ কার্যক্রম সংক্রান্ত তথ্যের ক্যাটাগরি.....	83
৮.৫ ড্যাশবোর্ড সেটিংস.....	84
৮.৫.১ এনালিটিক্স ড্যাশবোর্ড.....	84
৮.৬ এপিএ টিম.....	85
৮.৭ ই-মেইল টেমপ্লেট.....	85

৯. নোটিশ.....	86
১০. প্রশিক্ষণপ্রাপ্তদের তালিকা	89
১১. বার্তা	89
১২. পোর্টাল.....	90
১৩. অডিট	92
১৪. এপিএ ব্যবস্থাপনা.....	93
১৪.১. এপিএ গাইড লাইন	93
১৪.২. এপিএ ক্যালেন্ডার.....	94
১৫. আওতাধীন অফিস ব্যবস্থাপনা.....	96
১৫.১. নিজ সংস্থার প্রতিবেদন.....	96
১৫.২. ব্যবহারকারী একীভূতকরণ.....	97
১৫.৩. সংস্থা একীভূতকরণ.....	97
১৫.৪. সুশাসন কার্যক্রম ব্যবস্থাপনা	98
১৫.৫. মূল্যায়ন প্রকাশ সেটিং.....	98

১. ভূমিকা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) মূলত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিবের মধ্যে স্বাক্ষরিত একটি সমঝোতা দলিল।

সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রবর্তন করা হয়েছে। এই চুক্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ, এ সকল কৌশলগত উদ্দেশ্য অর্জনের জন্য গৃহীত কার্যক্রমসমূহ এবং এ সকল কার্যক্রমের ফলাফল পরিমাপের জন্য কর্মসম্পাদন সূচক ও লক্ষ্যমাত্রাসমূহ বিধৃত রয়েছে। সংশ্লিষ্ট অর্থবছর সমাপ্ত হওয়ার পর ঐ বছরের চুক্তিতে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহের বিপরীতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রকৃত অর্জন মূল্যায়ন করা হবে।

২. সাধারণ নির্দেশনা

- এপিএএমএস একটি ওয়েব অ্যাপ্লিকেশন। এটি ছাড়া এর অন্য কোন ব্যবহারবিধি নাই।
- ব্যবহারকারীকে ইন্টারনেট সংযোগের পাশাপাশি সিস্টেম ব্যবহারেও সচেতন থাকতে হবে।
- এটি ব্যবহারের জন্য একটি স্ট্যান্ডার্ড ডেস্কটপ অথবা ল্যাপটপ ছাড়া অন্য কোন নির্দিষ্ট হার্ডওয়্যার ও সফটওয়্যার এর প্রয়োজন নাই।
- ব্যবহারকারীকে এপিএএমএস এর এই ওয়েব অ্যাপ্লিকেশনটিতে প্রবেশ করার জন্য নিম্নলিখিত ধাপগুলি অনুসরণ করতে হবেঃ-


❖ লগইন পেজ:

১। প্রথমেই <https://apamsv3.cabinet.gov.bd/> এই ওয়েব ঠিকানাটি অথবা লিংকটি অ্যাড্রেসবারে লিখতে হবে।

২। ওয়েব অ্যাড্রেসটিতে যাওয়ার পর (চিত্র নম্বর-১) এর পেজটি দেখা যাবে।


৩। এপিএএমএস অ্যাপ্লিকেশন এ লগইন করার জন্য লগইন বাটনে ক্লিক করুন। ইউজার এর নামের ক্ষেত্রে একটি আইডি টাইপ করতে হবে এবং পাসওয়ার্ড দিতে হবে (এডমিন কর্তৃক সরবরাহকৃত)।

(চিত্র নম্বর-২)




চিত্র নম্বর-১

৪। ই-নথি ইউজার এপিএএমএস অ্যাপ্লিকেশন এ লগইন করার জন্য “ই-নথি এর সাথে লগইন করুন” বাটনে ক্লিক করুন। ইউজার এর নামের ক্ষেত্রে একটি আইডি টাইপ করতে হবে এবং পাসওয়ার্ড দিতে হবে (এডমিন কর্তৃক সরবরাহকৃত)। (চিত্র নম্বর-২)



চিত্র নম্বর-২

৫। সফলভাবে লগইন করার পর এপিএএমএস অ্যাপ্লিকেশনের হোমপেজটি ডান দিকে ইউজারের পদবি সহ দেখাবে, যেটা (চিত্র নম্বর-৩) এ দেখানো হয়েছে।



চিত্র নম্বর-৩

৩. ট্যাবসমূহ

লগইন করার পর হোমপেজের মেন্যুবারে যে ৯ টি মেন্যু দেখা যাবে সেগুলো হল:

- * ড্যাশবোর্ড
- * এপিএ ব্যবস্থাপনা
- * অগ্রগতি
- * আওতাধীন অফিস ব্যবস্থাপনা
- * কনফিগারেশন
- * নোটিশ
- * প্রশিক্ষণপ্রাপ্তদের তালিকা
- * বার্তা
- * পোর্টাল

এই নয়টি মেন্যুর বৈশিষ্ট্য এক এক করে নিচে দেওয়া বর্ণনা করা হল:

৪. ড্যাশবোর্ড এর বৈশিষ্ট্য


ড্যাশবোর্ড ট্যাবটি মূলত এপিএএমএস পেজটাকে প্রতিনিধিত্ব করে। এপিএএমএস ড্যাশবোর্ড ট্যাবটিতে মূলত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন অংশ সম্পর্কে সংক্ষিপ্ত তথ্য রয়েছে। যা (চিত্র নম্বর-৩) এ প্রদর্শন করা হয়েছে।






৫. এপিএ ব্যবস্থাপনা

এপিএ ব্যবস্থাপনা- এই ট্যাবে ৫ টি সাবমেন্যু রয়েছে। এই ৫ টি সেকশনের প্রত্যেকটিতে আরও কিছু উপ-সেকশন রয়েছে। এইগুলো ইউজারের সুবিধার জন্য চিত্রসহ বর্ণনা করা হল। সাবমেন্যুগুলি নিচে বর্ণিত হলঃ

৫.১ অর্থবছর (তৈরি এবং নির্ধারণ)


এই ট্যাবে এপিএ তৈরির জন্য ‘অর্থবছর তৈরি’ এবং ‘নির্ধারণ’ করতে পারবেন। ইউজার চাইলে এডিটও করতে পারবেন অ্যাকশন কলাম থেকে কিন্তু বাতিল করতে পারবেন না।



ক্রম	নাম (বাংলা)	নাম (ইংরেজি)	অর্থবছর	স্ট্যাটাস	অ্যাকশন
১	২০২০-২১	2020-21	2020-2021	সক্রিয়	
২	২০২১-২২	2021-22	2021-2022	সক্রিয়	
৩	২০২২-২৩	2022-23	2022-2023	সক্রিয়	
৪	২০২৩-২৪	2023-24	2023-2024	সক্রিয়	
৫	২০২৪-২৫	2024-25	2024-2025	সক্রিয়	


চিত্র নম্বর-৪

অর্থবছর তৈরি: অর্থবছর তৈরির জন্য “অর্থবছর তৈরি” বাটনে ক্লিক করবেন। চিত্রে দেখানো (চিত্র নম্বর-৫) পেজ ওপেন হবে। সেখানে ‘অর্থবছর শুরু’ ও ‘অর্থবছর শেষ’ ফিল্ডে অর্থবছর টাইপ করবেন এবং “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করবেন ডাটা সেভ করার জন্য। সেভ করার পর (চিত্র নম্বর-৪) এর পেজটি দেখা যাবে।



চিত্র নম্বর-৫

অর্থবছর নির্ধারণ: অর্থবছর নির্ধারণ করার জন্য “অর্থবছর নির্ধারণ” বাটনে (চিত্র নম্বর-৬) ক্লিক করবেন। চিত্রে দেখানো (চিত্র নম্বর-৭) পেজ ওপেন হবে।



চিত্র নম্বর-৬

চিত্র নম্বর-৭

সেখানে “নতুন যোগ করুন” বাটনে ক্লিক করলে চিত্রে দেখানো (চিত্র নম্বর-৮) পেজ ওপেন হবে। এখানে এপিএ অর্থবছর, অর্জন অর্থবছর, দপ্তর/সংস্থার ধরন ও সংস্থা নির্বাচন করবেন এবং “সংরক্ষণ করুন” (চিত্র নম্বর-৮) বাটনে ক্লিক করবেন ডাটা সেভ করার জন্য।

চিত্র নম্বর-৮

সেভ করার পর সেভ করার পর (চিত্র নম্বর-৭) এর পেজটি দেখা যাবে। সেখানে দপ্তর/সংস্থার ধরন, সংস্থার নাম নির্বাচন করবেন এবং “ফিল্টার করুন” বাটনে ক্লিক করবেন ডাটা দেখার জন্য। (চিত্র নম্বর-৯) এর পেজটি দেখা যাবে। ইউজার চাইলে অর্থবছর ডিলিটও করতে পারবেন।

ক্রম	অফিসের ধরণ	অফিসের নাম	কর্মপরিকল্পনা অর্থ বছর	অর্জন অর্থ বছর	অ্যাকশন
234	মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/শিল্প মন্ত্রণালয় কাস্টম সেয়ার	জনপ্রশাসন মন্ত্রণালয়	২০২০-২৪	২০২০-২৪	

চিত্র নম্বর-৯

৫.২ আবশ্যিক মান নির্ধারণ

কোন সংস্থাকে এপিএ কাঠামো দেওয়ার জন্য আবশ্যিক মান নির্ধারণ করতে হয়। এই ট্যাবে এপিএ তৈরির জন্য 'আবশ্যিক মান নির্ধারণ' করতে পারবেন। ইউজার চাইলে এডিট করতে পারবেন অ্যাকশন কলাম থেকে কিন্তু বাতিল করতে পারবেন না। 'আবশ্যিক মান নির্ধারণ' ট্যাবে প্রবেশের পর (চিত্র নম্বর-১০) এর পেজটি দেখবেন।

চিত্র নম্বর-১০

আবশ্যিক মান নির্ধারণ করার জন্য “নতুন যোগ করুন” বাটনে ক্লিক করতে হবে। তারপর (চিত্র নম্বর-১১) এর পেজটি দেখতে পারবেন। এখানে গ্রুপের নাম বাংলা ও ইংরেজি, সংস্থা/অফিস, এপিএ'তে পূর্ণ মান, আবশ্যিক মান নির্ধারণ টাইপ করতে হবে এবং এপিএ অর্থবছর, দপ্তর/সংস্থার ধরণ নির্বাচন করবেন। সবশেষে “সংরক্ষণ করুন” (চিত্র নম্বর-১২) বাটনে ক্লিক করবেন ডাটা সেভ করার জন্য।

চিত্র নম্বর-১১

চিত্র নম্বর-১২

সেভ করার পর (চিত্র নম্বর-১০) এর পেজ থেকে অর্থবছর নির্বাচন করে “ফিল্টার করুন” বাটনে ক্লিক করতে হবে ডাটা দেখার জন্য। ফিল্টার করার পর (চিত্র নম্বর-১৩) পেজটি দেখা যাবে। ইউজার শুধুমাত্র অ্যাকশন কলাম থেকে এডিট করতে পারবেন কিন্তু বাতিল করতে পারবেন না।

এপিএ ব্যবস্থাপনা → আংশিক মান নির্ধারণ সহায়ক নির্দেশিকা দেখুন

২০২৩-২৪ ফিল্টার করুন নতুন যোগ করুন

সেখন ৩০ নতুন যোগ...

ক্রম	গ্রুপের নাম (বাংলা)	গ্রুপের নাম (ইংরেজি)	দপ্তর/সংস্থার ধরণ	সংস্থা/অফিস	এপিএ অর্ধবছর	এপিএতে পূর্ণ মান	আংশিক মান নির্ধারণ	আ্যকশন
১	গ্রুপ-১	Group-1	মন্ত্রণালয়/বিভাগ/ বিভাগ ১/শিল্প মন্ত্রণালয় কাকতাল সেয়ার	জনপ্রসঙ্গ মহাপুরা, কৃষি মন্ত্রণালয়, পুন্ডন ও নগরপুত্র মহাপুরা আংশিক ও নগরপুত্র মহাপুরা, কৃষি মন্ত্রণালয় মন্ত্রণালয় পরিমিতাণ ও দুয়াকেন বিভাগ, যোগেশ মহাপুরা স্বাস্থ্য সেবা বিভাগ, সমাজকল্যাণ মহাপুরা	২০২৩-২৪	১০০	৩০	
২	গ্রুপ ৩	GROUP 3	পবিনপত্র/অবিনপত্র/বহু মন্ত্রণালয় সেয়ার/ আর্থিক প্রতিষ্ঠান	দুলাণ ও প্রকাশনা অবিনপত্র	২০২৩-২৪	১০০	৩০	

চিত্র নম্বর-১৩

৫.৩ কাঠামো ব্যবস্থাপনা/টেমপ্লেট

এই অংশে (চিত্র নম্বর-১৪) কোনো অর্গানোগ্রামের জন্য এপিএ কাঠামো প্রস্তুত করবেন। এপিএ কাঠামোতে সার্বিক চিত্র, প্রস্তাবনা, স্বাক্ষর ইত্যাদি থাকবে। সেকশন/সংযোজনী কম্পোনেন্ট এর মাধ্যমে সেকশন-১, ২ ও ৩ এবং সংযোজনী ১-৪ তৈরি করবেন। সেকশন-১ ও ৩ তৈরি বাধ্যতামূলক।

সিস্টেম এডমিনিস্ট্রেটর সিস্টেম এনালিস্ট/মডিফাইংক বিহাগ

ড্যাশবোর্ড **এপিএ ব্যবস্থাপনা** অগ্রগতি আওতাধীন অফিস ব্যবস্থাপনা কনফিগারেশন নোটিশ প্রশিক্ষণপ্রাপ্তদের তালিকা বার্তা


এপিএ ব্যবস্থাপনা → কাঠামো ব্যবস্থাপনা/টেমপ্লেট সহায়ক নির্দেশিকা দেখুন

অর্ধবছর নির্বাচন করুন এপিএ কাঠামোর শিরোনাম ইউজুন নতুন কাঠামো তৈরি করুন

- তথ্য দেখার জন্য অনুগ্রহপূর্বক ফিল্টার ব্যবহার করুন।

চিত্র নম্বর-১৪

নতুন কাঠামো তৈরির জন্য “নতুন কাঠামো তৈরি করুন” বাটনে ক্লিক করতে হবে। ক্লিক করার পর (চিত্র নম্বর ১৫) এর পেজটি দেখতে পারবেন। এই অংশে প্রতিটি কম্পোনেন্ট এর ডাটা দিয়ে সেভ করতে পারবেন। ইউজার চাইলে কোনো কম্পোনেন্ট স্কিপ করতে পারবেন তবে শিরোনাম এবং সেকশন-১ ও ৩ তৈরি বাধ্যতামূলক।



চিত্র নম্বর-১৫

নিচে সবগুলো কম্পোনেন্ট তৈরির প্রসেস এক এক করে বিস্তারিত উল্লেখ করা হলোঃ-

এপিএ কাঠামোর শিরোনাম

চিত্র নম্বর-১৬ এ প্রদর্শিত “+” আইকনে ক্লিক করলে এপিএ কাঠামোর জন্য একটি ফিল্ড আসবে (চিত্র নম্বর-১৭)।

সেখানে কাঠামোর নাম দিয়ে “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করে সংরক্ষণ করবেন।



চিত্র নম্বর-১৬


চিত্র নম্বর-১৭

সংরক্ষণ করার পর প্রিভিউ অংশে দেখতে পারবেন (চিত্র নম্বর-১৮)।

চিত্র নম্বর-১৮

সার্বিক চিত্র

কাঠামোর শিরোনাম তৈরি হয়ে গেলে এরপর সার্বিক চিত্র যোগ করবেন। চিত্র নম্বর-১৯ এ প্রদর্শিত “+” আইকনে ক্লিক করলে শিরোনামের জন্য একটি ফিল্ড আসবে (চিত্র নম্বর-২০)। সেখানে শিরোনাম টাইপ করে সংরক্ষণ করবেন।




চিত্র নম্বর-১৯




চিত্র নম্বর-২০

সার্বিক চিত্রে শিরোনাম যোগ করার পর এর অধীনে উপশিরোনাম হিসেবে “সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ”, “সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ”, “ভবিষ্যৎ পরিকল্পনা” এবং “অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ” যোগ করতে পারবেন (চিত্র নম্বর-২১)। প্রতিটি উপশিরোনামের জন্য সর্বোচ্চ অক্ষরসীমা (২৫০০) নির্ধারণ করতে পারবেন।



চিত্র নম্বর-২১


সবশেষে “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করে ডাটা সেভ করবেন এবং প্রিভিউতে সব ডাটা দেখতে পারবেন (চিত্র নম্বর-২২)।



চিত্র নম্বর-২২


প্রস্তাবনা

সার্বিক চিত্র যোগ হয়ে গেলে প্রস্তাবনার শিরোনাম যোগ করতে পারবেন পূর্বের মতই। প্রস্তাবনা যোগ করার সময় টেক্সট এডিটরে পূর্ব থেকেই একটি টেক্সট দেওয়া থাকবে (চিত্র নম্বর-২৩)। চাইলে সেটি এডিট করতে পারবেন।



চিত্র নম্বর-২৩

সবশেষে “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করে ডাটা সেভ করবেন এবং প্রিভিউতে সব ডাটা দেখতে পারবেন (চিত্র নম্বর-২৪)।




চিত্র নম্বর-২৪

সেকশন/সংযোজনী যোগ করুন

সেকশন/সংযোজনী সেকশন-১, সংযোজনী-১ এভাবে যোগ করবেন।

সেকশন ১ – সেকশন ১ লিখে এর অধীনে “রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি” যোগ করতে পারবেন।

“সেকশন/সংযোজনী যোগ করুন” এর (+) আইকনে ক্লিক করে আগের মতো করেই শিরোনাম যোগের পর সেকশন ১ এর কম্পোনেন্ট যোগ করবেন। সাধারণ টেক্সট বক্স কম্পোনেন্ট এর (+) আইকনে (চিত্র নম্বর-২৫) ক্লিক করে শিরোনাম বাংলা/ইংরেজি যোগ করে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-২৬) ক্লিক করবেন।



চিত্র নম্বর-২৫



চিত্র নম্বর-২৬

এড আইকনে (চিত্র নম্বর-২৭) ক্লিক করে “রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি” যোগ করবেন।

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের {{apa-office-name}} এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে {{apa-office-designation}},{{apa-office-name}} এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসেবে {{signatory-office-designation}}, {{signatory-office-name}}-এর মধ্যে {{year}} সালের {{month}} মাসের {{date}} তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল। এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

সেকশন ১
মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি
 (Ministry/Department Vision, Mission, Strategic Objectives and Activities)

চিত্র নম্বর-২৭

‘রূপকল্প, অভিলক্ষ্য এবং কার্যাবলি’ যোগ করার জন্য “উপশিরোনাম যোগ করুন” বাটনে ক্লিক করবেন। ‘কৌশলগত উদ্দেশ্যসমূহ’ যোগ করার জন্য “কৌশলগত উদ্দেশ্য” বাটনে ক্লিক করতে হবে (চিত্র নম্বর-২৮)।

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের {{apa-office-name}} এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসেবে {{apa-office-designation}},{{apa-office-name}} এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসেবে {{signatory-office-designation}}, {{signatory-office-name}}-এর মধ্যে {{year}} সালের {{month}} মাসের {{date}} তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল। এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

সেকশন ১
মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি
 (Ministry/Department Vision, Mission, Strategic Objectives and Activities)


চিত্র নম্বর-২৮

উপশিরোনাম ফিল্ডে এক এক করে রূপকল্প, অভিলক্ষ্য এবং কার্যাবলি টাইপ করে সেভ আইকনে (চিত্র নম্বর-২৯) ক্লিক করে সংরক্ষণ করবেন। সংরক্ষণ করার সময় একটা বিষয় লক্ষ্য রাখতে হবে, শব্দের পরিমাণ ২৫০০ এর বেশি হতে পারবে না। সংরক্ষণ করার পর ইউজার প্রিভিউ তে সব ডাটা দেখতে পারবেন।



চিত্র নম্বর-২৯

‘কৌশলগত উদ্দেশ্য’ ফিল্ডে কৌশলগত উদ্দেশ্যসমূহ টাইপ করে সেভ আইকনে ক্লিক করবেন।



চিত্র নম্বর-৩০


সব সাব-সেকশন এড করার পর (চিত্র নম্বর-৩১) পেজটি দেখতে পাবেন।




চিত্র নম্বর-৩১

সেকশন ২ - এর অধীনে “বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব” যোগ করতে পারবেন।

সেকশন/সংযোজনী যোগ করুন কম্পোনেন্ট এর (+) আইকনে (চিত্র নম্বর-৩২) ক্লিক করে শিরোনাম বাংলা/ইংরেজি যোগ করে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৩৩) ক্লিক করবেন।




চিত্র নম্বর-৩২




চিত্র নম্বর-৩৩

সাধারণ টেবিল কম্পোনেন্ট এর (+) আইকনে (চিত্র নম্বর-৩৪) ক্লিক করে শিরোনাম বাংলা/ইংরেজি যোগ করে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৩৫) ক্লিক করবেন।




চিত্র নম্বর-৩৪




চিত্র নম্বর-৩৫

সেকশন ২ এর শিরোনাম যোগ করার পর কলামের নাম যোগ করতে হবে (চিত্র নম্বর-৩৬)। সবশেষে সেট আইকনে ক্লিক করে ডাটা সেভ করবেন এবং প্রিভিউতে সব ডাটা দেখতে পারবেন (চিত্র নম্বর-৩৮)।




চিত্র নম্বর-৩৬

কলাম টাইটেল বাংলা/ইংরেজি টাইপ করতে হবে এবং কলাম ইনপুট টাইপ সিলেক্ট করে দিতে হবে (চিত্র নম্বর-৩৭)।



চিত্র নম্বর-৩৭

সবশেষে সেভ আইকনে ক্লিক করে ডাটা সেভ করবেন এবং প্রিভিউতে সব ডাটা দেখতে পারবেন (চিত্র নম্বর-৩৮)। একইভাবে ইউজার সবগুলো কলাম এর শিরোনাম যোগ করবেন।



চিত্র নম্বর-৩৮

কলাম মার্জ করার জন্য মার্জ আইকনে ক্লিক করতে হবে (চিত্র নম্বর-৩৯)। এরপর (চিত্র নম্বর-৪০) পেজটি দেখতে পারবেন।


The screenshot shows a web application interface. On the left, there is a vertical list of activities with checkboxes and arrows. The activities are: একক, প্রকৃত অর্জন, লক্ষ্যমাত্রা, ২০২৫-২৬, and ২০২৬-২৭. Below this list are two text input fields for 'কলাম টাইটেল (বাংলা)' and 'কলাম টাইটেল (ইংরেজি)'. On the right, there is a table titled 'বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) (Outcome/Impact of various activities)'. The table has 7 columns: 'চূড়ান্ত ফলাফল/প্রভাব', 'কর্মসম্পাদন সূচকসমূহ', 'একক', 'প্রকৃত অর্জন', 'লক্ষ্যমাত্রা', '২০২৫-২৬', and '২০২৬-২৭'. The table is currently empty. At the bottom right, it says 'Design & Developed By bat'.

চিত্র নম্বর-৩৯


This screenshot shows the same web application interface as above, but with a 'কলাম মার্জ' (Column Merge) dialog box open. The dialog box has a title bar with a close button. It contains two text input fields for 'কলাম টাইটেল (বাংলা)' and 'কলাম টাইটেল (ইংরেজি)'. Below these are several checkboxes for selecting activities: 'চূড়ান্ত ফলাফল/প্রভাব', 'একক', 'লক্ষ্যমাত্রা', '২০২৬-২৭', 'কর্মসম্পাদন সূচকসমূহ', 'প্রকৃত অর্জন', and '২০২৫-২৬'. At the bottom of the dialog box, there are two buttons: 'বন্ধ করুন' (Close) and 'কলাম মার্জ' (Merge Column). The background interface is dimmed.

চিত্র নম্বর-৪০

কলাম টাইটেল বাংলা/ইংরেজি টাইপ করতে হবে (চিত্র নম্বর-৪১)। যেইগুলো কলাম মার্জ করা প্রয়োজন সেইগুলো কলামের বাম পাশের চেক বক্স (চিত্র নম্বর-৪১) সিলেক্ট করে নিচের “কলাম মার্জ” বাটনে ক্লিক করতে হবে এবং কলাম মার্জ হয়ে প্রিভিউতে দেখা যাবে (চিত্র নম্বর-৪২)।



চিত্র নম্বর-৪১



চিত্র নম্বর-৪২

সবশেষে “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করে ডাটা সেভ করবেন এবং প্রিভিউতে সব ডাটা দেখতে পারবেন (চিত্র নম্বর-৪৩)।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)
(Outcome/Impact of various activities)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে বোধগম্য দায়িত্বপ্রাপ্ত সংস্থাসমূহের নাম
					২০২৫-২৬	২০২৬-২৭	

চিত্র নম্বর-৪৩

সেকশন ৩ - এর অধীনে “কর্মসম্পাদন পরিকল্পনা” যোগ করতে পারেন বর্তমান এপিএ কাঠামো অনুসারে।

সেকশন/সংযোজনী যোগ করুন কম্পোনেন্ট এর (+) আইকনে (চিত্র নম্বর-৩২) ক্লিক করে শিরোনাম বাংলা/ইংরেজি যোগ করে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৪৪) ক্লিক করবেন।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)
(Outcome/Impact of various activities)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে বোধগম্য দায়িত্বপ্রাপ্ত সংস্থাসমূহের নাম
					২০২৫-২৬	২০২৬-২৭	

চিত্র নম্বর-৪৪

কর্মসম্পাদন সম্পর্কিত টেবিল এর (+) আইকনে (চিত্র নম্বর-৪৫) ক্লিক করে শিরোনাম বাংলা/ইংরেজি টাইপ করে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৪৬) ক্লিক করবেন।

চিত্র নম্বর-৪৫

চিত্র নম্বর-৪৬

কলামের নাম আগে থেকেই বাম পাশে দেওয়া থাকবে, ইউজার তার প্রয়োজনমতো সিলেক্ট করতে পারবেন।(চিত্র নম্বর-৪৭)।

কলাম টাইটেল (বাংলা) *

- কৌশলগত উদ্দেশ্য
- কৌশলগত উদ্দেশ্যের মান
- কার্যক্রম
- কর্মসম্পাদন সূচক
- কর্মসম্পাদন সূচকের মান
- গণনা পদ্ধতি
- একক
- প্রকৃত অর্জন যোগ করি

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা
(Action plan)

চিত্র নম্বর-৪৭

‘প্রকৃত অর্জন’ যোগ করার জন্য ফিল্ড নির্ধারণ করবেন ১ টি/২ টি। এরপর কলাম টাইটেল বাংলা/ইংরেজি টাইপ করবেন এবং কলাম ইনপুট টাইপ সিলেক্ট করে দিবেন (চিত্র নম্বর-৪৮)।

একক

- প্রকৃত অর্জন যোগ করি

প্রকৃত অর্জনের জন্য কতটি ফিল্ড নির্ধারণ করলে চান? *

১

কলাম নাম (বাংলা) * কলাম নাম (ইংরেজি) *

নাম টাইপ করুন নাম টাইপ করুন

ইনপুট টাইপ *

টেক্সটফিল্ড (নাম্বার) *

লক্ষ্যমাত্রা যোগ করি

+ অতিরিক্ত কলাম যোগ করুন

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা
(Action plan)

চিত্র নম্বর-৪৮

‘লক্ষ্যমাত্রা’ যোগ করার জন্য ফিল্ড নির্ধারণ করতে হবে ১ টি/২ টি/৩ টি/ ৪ টি/ ৫টি (চিত্র নম্বর-৪৯)। এরপর কলাম টাইটেল বাংলা/ইংরেজি টাইপ করতে হবে এবং কলাম ইনপুট টাইপ সিলেক্ট করে দিতে হবে। সেইসাথে কলাম মান(%) নির্ধারণ করে দিতে হবে (চিত্র নম্বর-৫০)।

চিত্র নম্বর-৪৯

চিত্র নম্বর-৫০

ইউজার চাইলে “অতিরিক্ত কলাম যোগ করুন” বাটনে ক্লিক করে অতিরিক্ত কলাম যোগ করতে পারবেন। এরপর “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৫১) ক্লিক করতে হবে সংরক্ষণ করার জন্য।

চিত্র নম্বর-৫১

সংরক্ষণ করার পর প্রিভিউ সেকশনে সব ডাটা দেখতে পারবেন (চিত্র নম্বর-৫২)।

চিত্র নম্বর-৫২

সংযোজনী ১ - এর অধীনে “শব্দসংক্ষেপ” যোগ করতে পারেন বর্তমান এপিএ কাঠামো অনুসারে।

সেকশন/সংযোজনী যোগ করুন কম্পোনেন্ট এর (+) আইকনে (চিত্র নম্বর-৫৩) ক্লিক করে শিরোনাম বাংলা/ইংরেজি যোগ করে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৫৪) ক্লিক করবেন সংরক্ষণ করার জন্য।

চিত্র নম্বর-৫৩

চিত্র নম্বর-৫৪

‘শব্দসংক্ষেপ টেবিল’ কম্পোনেন্ট এর (+) আইকনে (চিত্র নম্বর-৫৫) ক্লিক করলে (চিত্র নম্বর-৫৬) পেজটি দেখতে পারবেন। সেখানে শিরোনাম বাংলা/ইংরেজি যোগ করে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৫৭) ক্লিক করবেন।

শব্দসম্বন্ধের টেবিল

স্বাক্ষর

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	কর্মসম্পাদন সূচকের মান	গণনা পদ্ধতি	একক	২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক	
								অসাধারণ (১০০)	অতি উত্তম (৯০)

মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Design & Developed By bat

চিত্র নম্বর-৫৫

টাইটেল (বাংলা)

টাইটেল (ইংরেজি)

সহায়ক নির্দেশিকা নির্বাচন করুন

বর্ধ করুন

সংরক্ষণ করুন

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	কর্মসম্পাদন সূচকের মান	গণনা পদ্ধতি	একক	২০১৯-২০	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক	
								অসাধারণ (১০০)	অতি উত্তম (৯০)

মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Design & Developed By bat

চিত্র নম্বর-৫৬



চিত্র নম্বর-৫৭

সংরক্ষণ করার পর প্রিভিউ সেকশনে সব ডাটা দেখতে পারবেন (চিত্র নম্বর-৫৮)।



চিত্র নম্বর-৫৮

সংযোজনী ২ - এর অধীনে “কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি” যোগ করতে পারেন বর্তমান এপিএ কাঠামো অনুসারে।

‘সেকশন/সংযোজনী যোগ করুন’ কম্পোনেন্ট এর (+) আইকনে ক্লিক করলে (চিত্র নম্বর-৫৯) পেজটি দেখতে পারবেন।

সংযোজনী ১
শব্দসংক্ষেপ
(Acronyms)

ক্রম	শব্দসংক্ষেপ	বিবরণ

চিত্র নম্বর-৫৯


শিরোনাম বাংলা/ইংরেজি যোগ করে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৬০) ক্লিক করবেন সংরক্ষণ করার জন্য।

সংযোজনী ১
শব্দসংক্ষেপ
(Acronyms)

ক্রম	শব্দসংক্ষেপ	বিবরণ

চিত্র নম্বর-৬০

‘লিঙ্ক টেবিল’ কম্পোনেন্ট এর (+) আইকনে (চিত্র নম্বর-৬১) ক্লিক করলে (চিত্র নম্বর-৬২) পেজটি দেখতে পারবেন। সেখানে শিরোনাম বাংলা/ইংরেজি যোগ করে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৬২) ক্লিক করবেন।




চিত্র নম্বর-৬১




চিত্র নম্বর-৬২

সংরক্ষণ করার পর (চিত্র নম্বর-৬৩) পেজটি দেখতে পারবেন। পেজটির বাম পাশ থেকে চেক বক্স সিলেক্ট করার মাধ্যমে কলাম সিলেক্ট করবেন।



চিত্র নম্বর-৬৩

নিচে কলাম টাইটেল বাংলা/ইংরেজি টাইপ করে কলাম ইনপুট টাইপ সিলেক্ট করে সেভ আইকনে ক্লিক করবেন সংরক্ষণ করার জন্য (চিত্র নম্বর-৬৪)।



চিত্র নম্বর-৬৪

একইভাবে সবগুলো কলাম যোগ করবেন। সবশেষে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৬৫) ক্লিক করবেন সংরক্ষণ করার জন্য।

সংযোজনী ২
কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি
(Measurement method of performance indicators)

বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনে প্রমাণক

চিত্র নম্বর-৬৫

সংরক্ষণ করার পর (চিত্র নম্বর-৬৬) প্রিভিউতে দেখতে পারবেন।

সংযোজনী ২
কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি
(Measurement method of performance indicators)

কর্মসম্পাদন সূচক	কার্যক্রম	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনে প্রমাণক

চিত্র নম্বর-৬৬

সংযোজনী ৩ - এর অধীনে “অন্য অফিসের সাথে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ” যোগ করতে পারেন বর্তমান এপিএ কাঠামো অনুসারে।

সংযোজনী ২ এবং ৩ লিঙ্ক টেবিল দিয়ে গঠিত। তাই সংযোজনী ৩, সংযোজনী ২ এর মতো একই পদ্ধতিতে ডাটা যোগ করতে পারবেন।

সংযোজনী ৪ - এর অধীনে “যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে” যোগ করতে পারেন বর্তমান এপিএ কাঠামো অনুসারে।

‘সেকশন/সংযোজনী যোগ করুন’ কম্পোনেন্ট এর (+) আইকনে ক্লিক করলে (চিত্র নম্বর-৬৭) পেজটি দেখতে পারবেন।

অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের এপিএ কাঠামো
(APA Structure of Departments/Departments/Organizations)

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overall picture of the performance of the Ministry/Department)

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সর্বশেষ ২৫০০ শব্দ চিহ্নিত

চিত্র নম্বর-৬৭

শিরোনাম বাংলা/ইংরেজি যোগ করে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৬৮) ক্লিক করবেন সংরক্ষণ করার জন্য।

অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের এপিএ কাঠামো
(APA Structure of Departments/Departments/Organizations)

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overall picture of the performance of the Ministry/Department)


সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সর্বশেষ ২৫০০ শব্দ চিহ্নিত


চিত্র নম্বর-৬৮

‘নীতি/পরিকল্পনার আলোকে প্রস্তুতকৃত কর্মসম্পাদন পরিকল্পনা’ কম্পোনেন্ট এর (+) আইকনে (চিত্র নম্বর-৬৯) ক্লিক করলে (চিত্র নম্বর-৭০) পেজটি দেখতে পারবেন।



চিত্র নম্বর-৬৯

এখানে শিরোনাম বাংলা/ইংরেজি যোগ করে সহায়ক নির্দেশিকা নির্বাচন করবেন। সবশেষে “সংরক্ষণ করুন” বাটনে (চিত্র নম্বর-৭০) ক্লিক করবেন। সংরক্ষণ করার পর (চিত্র নম্বর-৭১) পেজটি দেখতে পারবেন।



চিত্র নম্বর-৭০

সংরক্ষণ করার পর (চিত্র নম্বর-৭১) প্রিভিউতে দেখতে পারবেন।

নীতি/পরিকল্পনার আলোকে প্রস্তুতকৃত কর্মসম্পাদন পরিকল্পনা

যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন

শব্দসংক্ষেপ টেবিল

স্বাক্ষর

সংযোজনী ৪

যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

(Action plans are prepared in the way of the policies/plans)

ক্রমিক	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার আলোকে কার্যক্রম গ্রহণ করা হয়েছে	এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম	মন্তব্য

চিত্র নম্বর-৭১

স্বাক্ষর

প্রস্তাবনার ন্যায় একইভাবে স্বাক্ষর যোগ করবেন। স্বাক্ষর যোগ করার সময় টেক্সট এডিটরে পূর্বে থেকেই একটি টেক্সট দেওয়া থাকবে। চাইলে সেটি এডিট করা যাবে।

চিত্র নম্বর-৭২ তে প্রদর্শিত “+” আইকনে ক্লিক করলে শিরোনামের জন্য একটি ফিল্ড আসবে (চিত্র নম্বর-৭৩)।

পরিকল্পনা

যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন

শব্দসংক্ষেপ টেবিল

স্বাক্ষর


সংযোজনী ৪

যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

(Action plans are prepared in the way of the policies/plans)


ক্রমিক	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার আলোকে কার্যক্রম গ্রহণ করা হয়েছে	এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম	মন্তব্য

চিত্র নম্বর-৭২




চিত্র নম্বর-৭৩

এখানে শিরোনাম বাংলা/ইংরেজি টাইপ করে সংরক্ষণ করবেন। সেইসাথে সহায়ক নির্দেশিকা নির্বাচন করবেন (চিত্র নম্বর-৭৪) এবং সবশেষে “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করে ডাটা সেভ করবেন এবং প্রিভিউতে সব ডাটা দেখতে পারবেন (চিত্র নম্বর-৭৫)।




চিত্র নম্বর-৭৪



চিত্র নম্বর-৭৫


৫.৪ এপিএ অ্যাসাইন

এপিএ কাঠামো তৈরীর পর এপিএ অ্যাসাইন করতে হবে। এজন্য এপিএ ব্যবস্থাপনা-> কাঠামো ব্যবস্থাপনা/টেমপ্লেট মেন্যুতে যেতে হবে (চিত্র নম্বর-৭৬)।




চিত্র নম্বর-৭৬

সেখানে অর্থবছর নির্বাচন করতে হবে এবং “খুঁজুন” বাটনে ক্লিক করবেন কাঠামো খোজার জন্য। ইউজার চাইলে ‘এপিএ কাঠামোর শিরোনাম’ ফিল্ডে কাঠামোর নাম টাইপ করেও কাঠামো খুঁজতে পারবেন (চিত্র নম্বর-৭৭)।



চিত্র নম্বর-৭৭

“খুঁজুন” বাটনে ক্লিক করার পর নিচের পেজটি দেখবেন। সেখানে অ্যাসাইন আইকনে ক্লিক করতে হবে (চিত্র নম্বর-৭৮)।



চিত্র নম্বর-৭৮


অ্যাসাইন আইকনে ক্লিক করার পর (চিত্র নম্বর-৭৯) এর পেজটি দেখতে পাবেন।

চিত্র নম্বর-৭৯

‘অর্থবছর নির্বাচন করুন’, ‘দপ্তর/সংস্থার ধরন’, ‘গ্রুপের ধরন নির্বাচন’ ড্রপডাউন থেকে ডাটা নির্বাচন করতে হবে (চিত্র নম্বর-৮০)। সবশেষে “ফিল্টার করুন” বাটনে ক্লিক করবেন। তারপর (চিত্র নম্বর-৮১) এর পেজটি দেখতে পাবেন।


চিত্র নম্বর-৮০

মনে রাখতে হবে, এডমিন ইউজার শুধুমাত্র কৌশলগত উদ্দেশ্য এবং তার বিপরীতে ডাটা যোগ করতে পারবেন। পেজটির বামপাশে ‘কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)’ ফিল্ডে ক্লিক করবেন কৌশলগত উদ্দেশ্য যোগ করার জন্য। ক্লিক করার পর (চিত্র নম্বর-৮৩) এর পেজটি দেখতে পাবেন।




চিত্র নম্বর-৮১

কৌশলগত উদ্দেশ্যসমূহ যোগ করার জন্য ‘কৌশলগত উদ্দেশ্য যোগ এবং সংরক্ষণ করুন’ এই বাটনে ক্লিক করে ব্যবহারকারী প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ সংযোজন করতে পারবেন। সেক্ষেত্রে কৌশলগত উদ্দেশ্য টাইপ করবেন এবং সেভ আইকনে ক্লিক করে সংরক্ষণ করবেন (চিত্র নম্বর-৮৩)।




চিত্র নম্বর-৮২



চিত্র নম্বর-৮৩

সেভ করার পর ডাটা প্রিভিউতে দেখতে পারবেন (চিত্র নম্বর-৮৪)। ইউজার চাইলে ডাটা বাতিল করতে পারবেন।



চিত্র নম্বর-৮৪

কৌশলগত উদ্দেশ্য যোগ করার পর সেকশন-৩ তে এসে ডাটা দিতে হবে। সেকশন-৩ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, এবং কর্মসম্পাদন সূচক নিয়ে গঠিত। সেকশন-৩ তে ইউজার (চিত্র নম্বর-৮৫) পেজটি দেখতে পারবেন।

চিত্র নম্বর-৮৫

কৌশলগত উদ্দেশ্যের মান- এখানে (চিত্র নম্বর-৮৬) ইউজার প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যের মান সেট করবেন। এই মান আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মানের সঙ্গে সংযোজন করে ৩০ এর কম/বেশি হতে পারবে না। কারন ১০০ মানের মধ্যে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মান ৩০ নির্ধারিত করা আছে।

মন্ত্রণালয়/বিভাগ পরবর্তিতে কোনো একটি কৌশলগত উদ্দেশ্যের মান পরিবর্তন করলে, ঐ মন্ত্রণালয়/বিভাগ-কে সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যের সাথে জড়িত কর্মসম্পাদন সূচকের মানও পরিবর্তন করতে হবে।

চিত্র নম্বর-৮৬

চিত্র নম্বর-৮৭

কার্যক্রম - এখানে ইউজারকে তার কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে কার্যক্রম নির্ধারণ করতে হয়। প্রত্যেকটি উদ্দেশ্যের জন্য কমপক্ষে একটি কার্যক্রম সংযোজন করা বাধ্যতামূলক। প্রত্যেকটি কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে এক বা একাধিক কার্যক্রম থাকতে পারে।

তবে ইউজার চাইলে একাধিক কার্যক্রম সংযোজন করতে পারবেন “+” আইকনে ক্লিক করে (চিত্র নম্বর-৮৮)।

চিত্র নম্বর-৮৮

- কার্যক্রম সংযোজন করার জন্য 'কার্যক্রমের তালিকা' ফিল্ডে টাইপ করতে হবে।
- এই উইন্ডোতে ইউজারকে তার কার্যক্রম ইনপুট দিতে হবে।
- কার্যক্রম ইনপুট দেওয়ার পর সেভ আইকনে ক্লিক করতে হবে, সেভ করার জন্য।

- ইউজার তার সংরক্ষিত কার্যক্রম চাইলে পরবর্তিতে সম্পাদনা করতে পারবেন।
- ইউজার তার সংরক্ষিত কার্যক্রম চাইলে মুছে ফেলতে পারবেন, যদি না ঐ কার্যক্রমের বিপরীতে কোন কর্মসম্পাদন সংযোজন করা না থাকে।

কর্মসম্পাদন সূচক - প্রত্যেকটি কার্যক্রম এর জন্য এক বা একাধিক কর্মসম্পাদন সূচক থাকতে পারে।

কর্মসম্পাদন সূচক সংযোজন করার জন্য ইউজারকে ‘যোগ করুন’ বাটনে ক্লিক করতে হবে। ক্লিক করার পর যে ফিল্ডটি আসবে সেখানে ইউজার তার কর্মসম্পাদন সূচক সংযোজন করতে পারবেন সেভ আইকনে ক্লিক করে (চিত্র নম্বর-৮৯)। ইউজার তার কর্মসম্পাদন সূচক পরিবর্তন করতে পারবেন, ডিলিট করতে পারবেন।

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা
(Action plan)

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	কর্মসম্পাদন সূচকের মান	গণনা পদ্ধতি	একক	২০১৯-২০
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ							
[১] সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরপার্যক্রম	৩০	[১.১] নবনিয়োগ গ্রাণ্ড এবং পূর্ববর্তী ব্যাচের পিসিএস ব্যাচের কর্মচারীগণের বৃত্তিমাতি পরিক্ষণ					

মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Design & Developed By bat

চিত্র নম্বর-৮৯

কর্মসম্পাদন সূচক সংযোজন করার সময় “অন্যান্য সিস্টেমের কর্মপরিকল্পনার সাথে যুক্ত করুন” সেকশন থেকে ৫টি সিস্টেমের সাথে যুক্ত কর্মপরিকল্পনা যোগ করতে পারবেন (চিত্র নম্বর-৮৯)।

সিস্টেমগুলো হলোঃ-

১. জাতীয় শুদ্ধাচার কৌশল
২. ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন
৩. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা
৪. তথ্য অধিকার
৫. সেবা প্রদান প্রতিশ্রুতি

যদি এই ৫টি সিস্টেমের সাথে যুক্ত কর্মপরিকল্পনা যোগ করতে চান তাহলে “অন্যান্য তথ্য” সেকশনে শুধুমাত্র কর্মসম্পাদন সূচকের মান, গণনা পদ্ধতি এবং একক ফিল্ডগুলো সংরক্ষণ করতে পারবেন।

যদি এই “কোনটিই নয়” যোগ করতে চান তাহলে “অন্যান্য তথ্য” সেকশনে আগের ন্যায় সবগুলো ফিল্ড সংরক্ষন করতে পারবেন।

কর্মসম্পাদন সূচকের মান - ইউজারকে তার কৌশলগত উদ্দেশ্যের মানের বিপরীতে ‘কর্মসম্পাদন সূচকের মান’ সংযোজন করতে হবে। মান নির্ধারণের সময় একটি বিষয় মনে রাখতে হবে কর্মসম্পাদন সূচকের মান কৌশলগত উদ্দেশ্যের মানের ১০০% হতে হবে, এর কম/বেশি হতে পারবে না। মান যোগ করার জন্য চিত্র নম্বর-৯০ তে দেখানো বাটনে ক্লিক করতে হবে।

- একইসাথে (গণনা পদ্ধতি, একক, প্রকৃত অর্জন, লক্ষ্যমাত্রা/নির্ণায়ক, প্রক্ষেপণ) সংযোজন করতে হবে।
- সব ডাটা দেওয়ার পর ‘সংরক্ষন করুন’ বাটনে ক্লিক করলে সংরক্ষিত হয়ে যাবে (চিত্র নম্বর-৯১)।
- ইউজার চাইলে তার কর্মসম্পাদন সূচক আপডেট/ডিলিট করতে পারবেন।

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা
(Action plan)

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	কর্মসম্পাদন সূচকের মান	গণনা পদ্ধতি	একক	২০১৯-২০
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ							
[১] সংস্করণ ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] নবনিয়োগ প্রাপ্ত এবং পূর্বদেখী ব্যাচের বিসিএস ক্যাডার কর্মচারীগণের সুনিয়মিত	[১.১.১] প্রশিক্ষিত কর্মচারীর সংখ্যা				

চিত্র নম্বর-৯০

ক্লিক করার পর (চিত্র নম্বর-৯১) এর পেজটি দেখতে পারবেন।

নির্বাচিত কৌশলগত উদ্দেশ্য	সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ
নির্বাচিত কার্যক্রম	নবনিয়োগ প্রাপ্ত এবং পূর্ববর্তী ব্যাচের বিসিএস ক্যাডার কর্মচারীগণের বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্নকরণ
নির্বাচিত কর্মসম্পাদন সূচক	প্রশিক্ষিত কর্মচারীর সংখ্যা

কর্মসম্পাদন সূচকের মান	গণনা পদ্ধতি
টাইপ করুন	নির্বাচন করুন
একক	২০১৯-২০
টাইপ করুন	টাইপ করুন
অসাধারণ	অতি উত্তম
টাইপ করুন	টাইপ করুন
উত্তম	
টাইপ করুন	

চিত্র নম্বর-৯১

এখানে ডাটা টাইপ করবেন (চিত্র নম্বর-৯১)। সবশেষে “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করে ডাটা সেভ করবেন।

নির্বাচিত কৌশলগত উদ্দেশ্য	সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ
নির্বাচিত কার্যক্রম	নবনিয়োগ প্রাপ্ত এবং পূর্ববর্তী ব্যাচের বিসিএস ক্যাডার কর্মচারীগণের বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্নকরণ
নির্বাচিত কর্মসম্পাদন সূচক	প্রশিক্ষিত কর্মচারীর সংখ্যা

কর্মসম্পাদন সূচকের মান	গণনা পদ্ধতি
৩০	সমষ্টি
একক	২০১৯-২০
সংখ্যা	৩০
অসাধারণ	অতি উত্তম
৭০	৮০
উত্তম	
৯০	

চিত্র নম্বর-৯২

প্রিভিউ সেকশন থেকে সব ডাটা একসাথে দেখতে পারবেন।

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	কর্মসম্পাদন সূচকের মান	গণনা পদ্ধতি	একক	২০১৯-২০	শস্যমারা/নির্ণায়ক ২০২৩-২৪		
								অসাধারণ (১০০)	অতি উত্তম (৯০)	উত্তম (৭০)
আবশিক কৌশলগত উদ্দেশ্যসমূহ										
[১] সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়নে জোরদারকরণ	১০০	[১.১] নবনিয়োগ প্রাক্ত এবং পূর্ববর্তী ব্যাচের বিশিষ্ট ব্যাচের কর্মচারীদের বিনিয়োগে প্রশিক্ষণ সম্পন্নকরণ	[১.১.১] প্রশিক্ষিত কর্মচারীর সংখ্যা	১০০	সমষ্টি	সংখ্যা	৬০	৭০	৮০	৯০

চিত্র নম্বর-৯৩

সবশেষে “অ্যাসাইন করুন” বাটনে ক্লিক করে এপিএ অ্যাসাইন করবেন (চিত্র নম্বর-৯৪)। ইউজারের সব ধরনের প্রয়োজনীয় তথ্য ইনপুট দেওয়ার পর এপিএ সাবমিট করতে হয়। সাবমিট করার পর আংশিক প্রিভিউ ও সম্পূর্ণ এপিএ প্রিভিউ ফিল্ড থেকে এপিএ দেখতে পারবেন এবং প্রতিবেদন পিডিএফ আকারে সংরক্ষণ করতে পারবেন। “আংশিক প্রিভিউ” ফিল্ড থেকে ইউজার প্রত্যেকটি বিভাগের অর্থ বছর অনুযায়ী প্রতিবেদন আলাদাভাবে দেখতে পারবেন এবং পিডিএফ আকারে সংরক্ষণ করতে পারবেন।

এপিএ বাবদ্যপনা → কাঠামোর তালিকা

ফিল্টার করুন

অর্থবছর নির্বাচন করুন* ২০২৩-২৪

দপ্তর/সংস্থার ধরন* মন্ত্রণালয়/বিভাগ/নির্দেশ ১/শিল্প মন্ত্রণালয়

ফর্মের ধরন নির্বাচন* এপিএ-১

ফিল্টার করুন

এপিএ এর বিভিন্ন অংশ নির্বাচন করুন

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অর্জিত্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এর

সহায়ক নির্দেশিকা: সেকশন ১ পূরণ করার নিয়ম

কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

সেকশন ১

চিত্র নম্বর-৯৪

৫.৫ এপিএ সংশোধন প্রতিবেদন

আওতাধীন অফিসের সংশোধিত এপিএ-এর তালিকা এই মেন্যু থেকে দেখা যাবে। কোনো অফিসের সংশোধিত এপিএ অনুমোদন কিংবা প্রত্যাখ্যান এইখান থেকে করা যাবে। এই মেন্যুতে অর্থ বছর, মন্ত্রণালয়/বিভাগ, অফিসের ধরণ, প্রতিবেদনের সংস্থা, দাখিলের অবস্থা নির্বাচন করতে হবে এবং ফিল্টার করণ বাটনে ক্লিক করতে হবে (চিত্র নম্বর-৯৫)।


চিত্র নম্বর-৯৫

দাখিলের অবস্থা ৩ ধরনের হতে পারে – অপেক্ষমান তালিকা, অনুমোদন তালিকা, প্রত্যাখ্যান তালিকা।

অপেক্ষমান তালিকাঃ অপেক্ষমান তালিকা হলে ইউজার অ্যাকশন কলাম থেকে এপিএ ভিউ করতে পারবেন, বাতিল করতে পারবেন, অনুমোদন দিতে পারবেন (চিত্র নম্বর-৯৬)।


অনুমোদন তালিকাঃ অনুমোদন তালিকা শুধুমাত্র ভিউ করতে পারবেন।

প্রত্যাখ্যান তালিকাঃ প্রত্যাখ্যান তালিকা শুধুমাত্র ভিউ করতে পারবেন।



চিত্র নম্বর-৯৬

বাতিল করতে চাইলে কারন টাইপ করবেন বিবরণ ফিল্ডে। সবশেষে বাতিল করুন বাটনে ক্লিক করবেন বাতিল করার জন্য (চিত্র নম্বর-৯৭)।



চিত্র নম্বর-৯৭

৬. আওতাধীন অফিস ব্যবস্থাপনা

আওতাধীন অফিস ব্যবস্থাপনা - এই ট্যাবে ১০ টি সাবমেন্যু রয়েছে। এই ১০ টি সেকশনের প্রত্যেকটিতে আরও কিছু উপ-সেকশন রয়েছে। এইগুলো ইউজারের সুবিধার জন্য চিত্রসহ বর্ণনা করা হল। সাবমেন্যুগুলি নিচে বর্ণিত হলঃ

৬.১ সংস্থা

এই সাব-মেন্যুর সহায়তায় আওতাধীন অফিস তৈরি করতে পারবেন। যেমনঃ কৃষি মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় ইত্যাদি। তবে যেসকল সংস্থা সরাসরি নথি থেকে আসবে সেসকল সংস্থা তৈরী করা বা বাতিল করা যাবে না। শুধুমাত্র এডিট করা যাবে (চিত্র নম্বর-৯৮)।

ক্রম	নাম (বাংলা)	নাম (ইংরেজি)	অর্থনৈতিক কোড	দপ্তর/সংস্থার ধরন	উর্ধ্বতন সংস্থা	সংস্থার প্রশাসনিক প্রধান	আ্যকশন
১	জনপ্রশাসন মন্ত্রণালয়	Ministry of Public Administration		মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/শিল্প মন্ত্রণালয় ক্যান্টিন দেয়ার	মন্ত্রিপরিষদ বিভাগ	মাননীয় মন্ত্রী	
২	মন্ত্রণালয়ের কার্যালয়	Ministry Office		মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/শিল্প মন্ত্রণালয় ক্যান্টিন দেয়ার	মন্ত্রিপরিষদ বিভাগ		
৩	প্রধানমন্ত্রীর কার্যালয়	Prime Minister's Office	০০.০০.০০০০	মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/শিল্প মন্ত্রণালয় ক্যান্টিন দেয়ার	মন্ত্রিপরিষদ বিভাগ	প্রধানমন্ত্রী	

চিত্র নম্বর-৯৮

নতুন সংস্থা তৈরী করার জন্য (চিত্র নম্বর-৯৮) থেকে “নতুন যোগ করুন” বাটনে ক্লিক করবেন। এরপর নাম বাংলা ও ইংরেজি, অফিস কোড, অর্থনৈতিক কোড, সংস্থার প্রশাসনিক প্রধান বাংলা ও ইংরেজি টাইপ করবেন। সেই সাথে দপ্তর/সংস্থার ধরন, উর্ধ্বতন সংস্থা নির্বাচন করবেন এবং “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করবে সেভ করার জন্য (চিত্র নম্বর-৯৯)।

সংস্থা

নাম (বাংলা)* ইউনিয়ন বিভাগ

নাম (ইংরেজি)* Union Division

অর্থনৈতিক কোড* 12

অর্থনৈতিক কোড* 35

দপ্তর/সংস্থার ধরন* বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস/মেট্রোপলিটন/শহর

উর্গতন সংস্থা* অস্তিত্বহীন সম্পদ বিভাগ

সংস্থার প্রশাসনিক প্রধান (বাংলা)* Test

সংস্থার প্রশাসনিক প্রধান (ইংরেজি)* Test

স্ট্যাটাস* সক্রিয় নিষ্ক্রিয়

বন্ধ করুন সংরক্ষণ করুন

চিত্র নম্বর-৯৯

সেভ করার পর দপ্তর/সংস্থার ধরন নির্বাচন করবেন এবং “অনুসন্ধান” বাটনে ক্লিক করবেন (চিত্র নম্বর-১০০)। নিচে টেবিলে তৈরী করা সংস্থা দেখতে পারবেন, চাইলে এডিটও করতে পারবেন। কিন্তু বাতিল করতে পারবেন না।

আওতাধীন অফিস ব্যবস্থাপনা → সংস্থা

বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস/মেট্রোপলিটন/শহর

অনুসন্ধান

নতুন যোগ করুন +

অনুসন্ধান...

ক্রম	নাম (বাংলা)	নাম (ইংরেজি)	অর্থনৈতিক কোড	দপ্তর/সংস্থার ধরন	উর্গতন সংস্থা	সংস্থার প্রশাসনিক প্রধান	অ্যাকশন
১	ইউনিয়ন বিভাগ	Union Division	35	বিভাগীয় কার্যালয়/জোনাল অফিস/মেট্রোপলিটন/শহর	অস্তিত্বহীন সম্পদ বিভাগ	Test	

চিত্র নম্বর-১০০

৬.২ ব্যবহারকারী

তৈরিকৃত অফিস/সংস্থার ব্যবহারকারী তৈরি করবেন এই সাব-মেন্যুর (চিত্র নম্বর-১০১) মাধ্যমে।

চিত্র নম্বর-১০১

তবে যেসকল ব্যবহারকারী সরাসরি নথি থেকে আসবে সেসকল সংস্থা তৈরী/এডিট বা বাতিল করা যাবে না (চিত্র নম্বর-১০২)। শুধুমাত্র ভিউ করতে পারবেন।

ক্রম	ব্যবহারকারীর নাম	ইউজার আইডি	পদবি	প্রোফাইল	দপ্তর সংস্থার ধরন	সংস্থা	মোবাইল	ইমেইল	অ্যাকশন
১	মো: ময়জুর মহম্মদ	200000010298	ব্যক্তিগত কর্মকর্তা	পোস্ট ইউজার	মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/ শিল্প মন্ত্রণালয় কাস্টম সেয়ার	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	০১৬১১-০৪০০২২		
২	এইচ. এম দিদারুল মহম্মদ	200000010301	প্রশাসনিক কর্মকর্তা	পোস্ট ইউজার	মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/ শিল্প মন্ত্রণালয় কাস্টম সেয়ার	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	০১৫৫২-৫৯০৪৭৮		
৩	মো: আমিনুল কর চৌধুরী	1000000003395	মুখপত্রিক	পোস্ট ইউজার	মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/ শিল্প মন্ত্রণালয় কাস্টম সেয়ার	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	০১৭৪৯-৪৬৬৭০৮		

চিত্র নম্বর-১০২

নতুন ব্যবহারকারী তৈরী করার জন্য (চিত্র নম্বর-১০১) থেকে “নতুন যোগ করুন” বাটনে ক্লিক করবেন। তারপর (চিত্র নম্বর-১০৩) এর পেজটি দেখা যাবে।

ব্যবহারকারীর নাম*

ইউজার আইডি *

প্রোফাইল*

পদবি(বাংলা)*

পদবি(ইংরেজি)*

সংস্থা*

এনআইডি নাম্বার*

মোবাইল*

ফোন*

পাসওয়ার্ড*

অনকার্ম পাসওয়ার্ড*

ইমেইল*

স্ট্যাটাস*

সক্রিয় নিষ্ক্রিয়

বন্ধ করুন

চিত্র নম্বর-১০৩

এরপর নাম ব্যবহারকারীর নাম, ইউজার আইডি, পদবি(বাংলা ও ইংরেজি), এনআইডি নাম্বার, মোবাইল, ফোন, পাসওয়ার্ড, কনফার্ম পাসওয়ার্ড, ইমেইল টাইপ করবেন। সেই সাথে ব্যবহারকারীর প্রোফাইল, দপ্তর সংস্থার ধরন, সংস্থা, স্বাক্ষর নির্বাচন করবেন এবং “সংরক্ষণ করুন” বাটনে ক্লিক করবেন সেভ করার জন্য (চিত্র নম্বর-১০৪) ।

ব্যবহারকারীর নাম*

ইউজার আইডি *

প্রোফাইল*

পদবি(বাংলা)*

পদবি(ইংরেজি)*

সংস্থা*

এনআইডি নাম্বার*

মোবাইল*

ফোন*

পাসওয়ার্ড*

অনকার্ম পাসওয়ার্ড*

ইমেইল*

স্ট্যাটাস*

সক্রিয় নিষ্ক্রিয়

বন্ধ করুন

চিত্র নম্বর-১০৪

সেভ করার পর (চিত্র নম্বর-১০১) এর পেজে যেয়ে “অনুসন্ধান” বাটনে ক্লিক করবেন। নিচে টেবিলে তৈরী করা ব্যবহারকারীর দেখতে পারবেন, চাইলে এডিটও করতে পারবেন। কিন্তু বাতিল করতে পারবেন না।

৬.৩ হালনাগাদ

আওতাধীন অফিসের দাখিলকৃত এপিএ হালনাগাদ করার জন্য এই সাব-মেন্যু (চিত্র নম্বর-১০৫) ব্যবহার করবেন।

চিত্র নম্বর-১০৫


ডাটা দেখার জন্য অর্থ বছর, দপ্তর/সংস্থার ধরণ, সংস্থা নির্বাচন করবেন এবং “ফিল্টার করুন” বাটনে ক্লিক করবেন ডাটা দেখার জন্য (চিত্র নম্বর-১০৬)। বিশেষ কারণে উর্ধ্বতন কর্তৃপক্ষ চাইলে এপিএ কম্পোনেন্টগুলো সংযোজন/বিয়োজন করতে পারবেন। নিচের দৃশ্যমান ভিউ থেকে ইউজার তার প্রয়োজনমতো কম্পোনেন্ট এডিট করতে পারবেন।

চিত্র নম্বর-১০৬

৬.৪ সকল প্রকার প্রতিবেদন

এই সাব-মেন্যু থেকে যেকোন অর্থবছরের যেকোন অর্গানোগ্রামের অধীন যেকোন সংস্থার প্রতিবেদন দেখতে পারবেন। ব্যবহারকারী সম্পূর্ণ এপিএ, এপিএ-এর বিভিন্ন অংশ, মাসিক/ত্রৈমাসিক, ষাণ্মাসিক এবং বার্ষিক প্রতিবেদন দেখতে পারবেন।

- সেক্ষেত্রে অর্থ বছর, মন্ত্রণালয়/বিভাগ, অফিসের ধরণ, ধরন অনুযায়ী অধীনস্থ দপ্তর/সংস্থা, প্রতিবেদনের সংস্থা, প্রতিবেদনের ধরন নির্বাচন করবেন এবং ফিল্টার বাটনে ক্লিক করবেন (চিত্র নম্বর-১০৭)।



সিস্টেম এডমিনিস্ট্রেটর
সিস্টেম এনালিস্ট/মডিফিকার বিভাগ

ব্যাপারভার্ট এপিএ ব্যবস্থাপনা অগ্রগতি আওতাধীন অফিস ব্যবস্থাপনা কনফিগারেশন নোটিশ প্রশিক্ষণপ্রাপ্তদের তালিকা বার্তা

আওতাধীন অফিস ব্যবস্থাপনা → সকল প্রকার প্রতিবেদন সহায়ক নির্দেশিকা দেখুন

অর্থ বছর*
নির্বাচন করুন

মন্ত্রণালয়/বিভাগ*
নির্বাচন করুন

অফিসের ধরণ*
নির্বাচন করুন

ধরন অনুযায়ী অধীনস্থ দপ্তর/সংস্থা
নির্বাচন করুন

প্রতিবেদনের সংস্থা* সব নির্বাচন করুন


প্রতিবেদনের ধরন*
নির্বাচন করুন

ফিল্টার করুন

• সকল প্রকার প্রতিবেদন দেখার জন্য অনুগ্রহপূর্বক ফিল্টার ব্যবহার করুন।

চিত্র নম্বর-১০৭

‘অ্যাকশন’ বাটন থেকে ইউজার প্রয়োজনীয় প্রতিবেদনটি দেখতে পারবেন এবং ডাউনলোড করে সংরক্ষণ করতে পারবেন।



সিস্টেম এডমিনিস্ট্রেটর
সিস্টেম এনালিস্ট/মডিফিকার বিভাগ

ব্যাপারভার্ট এপিএ ব্যবস্থাপনা অগ্রগতি আওতাধীন অফিস ব্যবস্থাপনা কনফিগারেশন নোটিশ প্রশিক্ষণপ্রাপ্তদের তালিকা বার্তা

আওতাধীন অফিস ব্যবস্থাপনা → সকল প্রকার প্রতিবেদন সহায়ক নির্দেশিকা দেখুন

অর্থ বছর*
২০২৩-২৪

মন্ত্রণালয়/বিভাগ*
নির্বাচন করুন

অফিসের ধরণ*
মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/শিক্ষা মন্ত্রণালয়

ধরন অনুযায়ী অধীনস্থ দপ্তর/সংস্থা
নির্বাচন করুন

প্রতিবেদনের সংস্থা* সব নির্বাচন করুন

প্রতিবেদনের ধরন*
বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন

ফিল্টার করুন

একটি পিটিং

ক্রম	দপ্তর/সংস্থার ধরণ	সংস্থার নাম	অ্যাকশন
১	মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/শিক্ষা মন্ত্রণালয় ক্যান্টন মেডিকেল	কৃষি মন্ত্রণালয়	

পৃষ্ঠা ১ এর মধ্যে ১

চিত্র নম্বর-১০৮

৬.৫ দাখিলের সময় নির্ধারণ

এখানে আওতাধীন অফিসের এপিএ দাখিলের সময় নির্ধারণ করতে পারবেন। ব্যবহারকারী এপিএ দাখিলের ভার্শন তথা খসড়া কিংবা চূড়ান্ত নির্ধারণ করতে পারবেন (চিত্র নম্বর-১০৯)।

The screenshot shows a web interface for selecting the time for filing AP/EP. The form is titled 'আওতাধীন অফিস ব্যবস্থাপনা -> দাখিলের সময় নির্ধারণ'. It contains several dropdown menus and text input fields. The 'অর্থ বছর' field is set to 'নির্বাচন করুন'. The 'এপিএ দাখিলের ভার্শন' field is also set to 'নির্বাচন করুন'. The 'দপ্তর/সংস্থার ধরণ' field is set to 'নির্বাচন করুন'. The 'সংস্থা' field is set to 'নির্বাচন করুন'. The 'দাখিল শুরু' field is set to 'বছর/মাস/দিন'. The 'দাখিল শেষ' field is set to 'বছর/মাস/দিন'. There are two checkboxes: 'সব নির্দেশন করুন' (checked) and 'সময়ের সমন্বয় দেখাতে না' (unchecked). At the bottom right, there are two buttons: 'ফিল্টার করুন' and 'সংরক্ষণ করুন'.

চিত্র নম্বর-১০৯

সেক্ষেত্রে অর্থ বছর, এপিএ দাখিলের ভার্শন, দপ্তর/সংস্থার ধরণ, সংস্থা, দাখিল শুরু, দাখিল শেষ নির্বাচন করতে পারবেন। ডাটা সেভ করার জন্য “সংরক্ষন করুন” বাটনে ক্লিক করবেন (চিত্র নম্বর-১১০)।

The screenshot shows the same web interface as above, but with specific values entered. The 'অর্থ বছর' field is set to '২০২৩-২৪'. The 'এপিএ দাখিলের ভার্শন' field is set to 'ধসড়া'. The 'দপ্তর/সংস্থার ধরণ' field is set to 'মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/শিল্প মন্ত্রণালয় কাস্টম লেয়ার'. The 'সংস্থা' field is set to 'কুমিল্লা মন্ত্রণালয়'. The 'দাখিল শুরু' field is set to '২০২৪/০১/০১'. The 'দাখিল শেষ' field is set to '২০২৪/০১/০৩'. The 'সংরক্ষন করুন' button is highlighted in blue.

চিত্র নম্বর-১১০

নিচের টেবিলে ডাটা দেখবেন, ইউজার চাইলে ডিলিটও করতে পারবেন।

চিত্র নম্বর-১১১

৬.৬ দাখিলের প্রতিবেদন

এই সাব-মেন্যু থেকে যেকোন অর্থবছরের যেকোন অর্গানোগ্রামের অধীন যেকোন সংস্থার এপিএ দাখিলের প্রতিবেদন দেখতে পারবেন ও এপিএ ফেরত পাঠাতে পারবেন (চিত্র নম্বর-১১২)।

সেক্ষেত্রে অর্থ বছর, দপ্তর/সংস্থার ধরণ, সংস্থার নাম, দাখিলের অবস্থা নির্বাচন করবেন এবং ফিল্টার বাটনে ক্লিক করবেন (চিত্র নম্বর-১১৩)।

চিত্র নম্বর-১১২

নিচে সকল তথ্যসহ একটি টেবিল (চিত্র নম্বর-১১৩) দেখতে পারবেন। অ্যাকশন কলাম থেকে এপিএ প্রতিবেদন দেখতে পারবেন ও এপিএ ফেরত পাঠাতে পারবেন।

আওতাধীন অফিস ব্যবস্থাপনা → দাখিলের প্রতিবেদন সহায়ক নির্দেশিকা দেখুন

সর্ব বছর: ২০২৩-২৪ | দফতর/সংস্থার ধরণ: মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/শিল্প মন্ত্রণালয় | সংস্থার নাম: কৃষি মন্ত্রণালয় x | দাখিলের অবস্থা: চূড়ান্ত এপিএ দাখিল সম্পন্ন

সব নির্বাহন করুন

ফিল্টার কমান

দেখুন ৫০

ক্রমিক নাম্বার	সংস্থার নাম	দফতর/সংস্থার ধরণ	দাখিলের অবস্থা	খসড়া প্রদানকারী	চূড়ান্ত প্রদানকারী	খসড়া দাখিলের সময়	চূড়ান্ত দাখিলের সময়	অ্যাকশন
১	কৃষি মন্ত্রণালয়	মন্ত্রণালয়/বিভাগ/বিভাগ ১/শিল্প মন্ত্রণালয় কার্টম সেয়ার	এপিএ পরিবীক্ষণকারী দাখিল সম্পন্ন (চূড়ান্ত)	আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর	আইটি ও জনসেবা অডিট অধিদপ্তর	৩১ ডিসেম্বর, ২০২৩	৩১ ডিসেম্বর, ২০২৩	

